উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪-১০৭১ তারিখ: ২৩.১২.২০২৪ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা আগামী ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি: রোজ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। হাটবাজার সংক্রান্ত।
০৭। বিবিধ আলোচনা।

২৩/১২/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪-১০৭১ তারিখ: ২৩.১২.২০২৪ খ্রি.

বিতরণ কার্যার্থে:

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। অফিস কপি।

২৩/১২/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর ডিসেম্বর ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

...তি : জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

...ার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

...ভার তারিখ : ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

সময় : বেলা ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ ...নো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে অবগত করেন যে, বিভিন্ন দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত ও প্রস্থান নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানান তিনি আরো বলেন যে, এই সেবার মান অব্যাহত রাখতে হবে। মাসিক সাধারণ সভায় সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বশীল কর্মকর্তাদের নির্ধারিত সময়ে উপস্থিত না থাকলে বিভিন্ন বিষয়ে আলোচনার সমাধান হয় না। | দপ্তর প্রধানগণ অফিসে নির্ধারিত সময়ে আগমন ও প্রস্থান নিশ্চিত করবেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগের সেবার মান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালের খাবারের মান আগের চেয়ে অনেক ভালো হয়েছে। সরকারি এ্যাম্বুলেন্স দীর্ঘদিন যাবৎ নষ্ট ছিল সেটাকে সচল করা হয়েছে। প্রাইভেট এ্যাম্বুলেন্স রাখার জন্য হাসপাতাল থেকে দূরে জায়গা নির্ধারণ করে দেওয়া হয়েছে। হাসপাতালের আশেপাশে পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। হাসপাতালে বিনা মুল্যে বিতরণের জন্য ঔষধ সরবরাহ বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্য বিভাগের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানানো হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালে জনবলের সংকট রয়েছে। অফিসে একটি শেড নির্মাণ করা প্রয়োজন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রকৌশলী হাসপাতালে শেড নির্মাণের বিষয়ে মতামত প্রদান করবেন। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি যন্ত্রপাতি রাখার গোডাউনে প্রবেশের রাস্তা খুবই খারাপ এটা নির্মাণ করা প্রয়োজন। অফিসের সামনে মাছের বাজার বসে ফলে মাছের দুর্গন্ধে অফিস করতে সমস্যা হয়। এটা উচ্ছেদ করা প্রয়োজন। কেন্দুয়া উপজেলার বরাদ্দকৃত সার যেন অন্য উপজেলায় পাচার না হয় সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>নিয়মিত কাযক্রম: আসন্ন খরিপ-২ মৌসুমে রোপাআমন আবাদ লক্ষ্যমাত্রা ২০৩২৫ হেক্টর এবং সবজি আবাদ হয়েছে ২০০ হেক্টর। মাঠে রোগ এবং পোকার তেমন কোন আক্রমন নেই। নিয়মিত আলোক ফাদসহ অন্যান্য দমন ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। কৃষকদেরকে আগাম শীতকালীন সবজি এবং সরিষা আবাদ বৃদ্ধি করার জন্য নিয়তিত ভাবে পরামর্শ দেওয়া হচ্ছে। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং কাযক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসাণের জন্য চলতি খরিপ-২ মৌসুমে আউশ আবাদে ব্রিধান ৭১, ব্রিধান ৭৫, ব্রিধান ৮৭, বিনা ১৯, বিনা ১৭সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কাযক্রম সম্পন্ন হয়েছে। ৬টি ইউনিয়নে সরাসরি | উপজেলা প্রকৌশলী রাস্তা নির্মাণের বিষয়ে মতামত প্রদান করবেন। সহকারী কমিশনার (ভূমি) অফিসের সামনে বাজার উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেবেন। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সহকারী কমিশনার (ভূমি), উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে। অর্থবছরের সংশ্লিষ্ট সকল কাযক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। কৃষি প্রণোদনা কাযক্রম: ২০২৪-২৫ অর্থবছরে খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। | | |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলায় ২২টি নিবন্ধিত হ্যাচারী থাকলেও বেশীর ভাগ হ্যাচারী বন্ধ রয়েছে। মৎস্যচাষীরা অনেক সময় ক্ষতিকর ঔষধ মাছ চাষে ব্যবহার করে যা মানবদেহে অনেক ক্ষতিকর প্রভাব ফেলে। এগুলো বন্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ করেন। দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, এডিপি উন্নয়ন প্রকল্পের প্রকল্প তালিকা সকল ইউনিয়ন পরিষদ থেকে পাওয়া গিয়েছে। প্রকল্প তালিকা যাচাই-বাছাই কাযক্রম চলমান রয়েছে। গত ০৫.১২.২০২৪তারিখের প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন সর্বোচ্চ ডাককারী হিসেবে জনাব জসিম উদ্দিন আহমেদ খোকন, পিতা: মৃত খোরশেদ উদ্দিন, গ্রাম: টেংগুরী, কেন্দুয়া, নেত্রকোণা ভবন অপসারণের জন্য ক্রয় করেন। | প্রকল্প তালিকা যাচাই-বাছাই করে টেন্ডার প্রক্রিয়ার কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ভবন নিলামের টাকা ভ্যাট ও আয়কর নির্ধারিত কোডে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় । | প্রশাসক উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরের কোনো বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণ করা হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান । | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ চক্রের ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের নতুন উপকারভোগী নির্বাচনের আবেদন খুব শ্রীঘ্রই অনলাইনে আবেদন শুরু হবে। সংশ্লিষ্ট সকলকে ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ করেন। যেন প্রকৃত উপকারভোগী নির্বাচন করতে সহজ হয়। | ২০২৪-২৫ চক্রের ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের নতুন উপকারভোগী নির্বাচনের ব্যাপক প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>ও<br>প্রশাসক/চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গড়া, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৬৮৯। খাবার বড়ি গ্রহণকারী ২৮৯৮৭। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৫৩৫। কনডম গ্রহণকারী ২০৭৯। আই ইউ ডি গ্রহণকারী ১৫২১। ইম্প্লান্ট গ্রহণকারী ৪০৮৬ স্থায়ী পদ্ধতি পুরুষ ২০৭৯জন ও মহিলা ৪১৬৮জন । মোট পদ্ধতি গ্রহীতা ৬,২৪৭জন দম্পতি। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে । খুব শ্রীঘ্রই নতুন বছরের বই চলে আসবে। নির্ধারিত সময়ে সকল স্কুলে বই পৌছে দেওয়া হবে। অফিসে জনবলের কিছু সংকট রয়েছে ফলে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত মনিটরিং করতে কিছুটা ব্যহত হচ্ছে। অত্র উপজেলায় অনেক শিক্ষক রয়েছে তাদের বেতন অধিকাংশই সোনালী ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। উপজেলা সদরে সোনালী ব্যাংকের একটি এটিএম বুথ থাকলে লেনদেন করতে সুবিধা হতো। | যথাসময়ে সকল স্কুলে নতুন বই পৌছে দিতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। উপজেলায় সোনালী ব্যাংকের এটিএম বুথ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোনো আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত মিটিংয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ছাড়াও তিনি বিপুল পরিমাণ খেলাপী ঋণ আদায়ে সকল সম্মানিত জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তার সদয় সহযোগিতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির আবেদন কাযক্রম চলমান সমাপ্তি হয়েছে। বিধবা, বয়স্ক ভাতার নতুন কোনো কার্ড নেই। ভাতাভোগী ইতমধ্যে যারা মৃত্যু | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ...বরণ করেছে তাদেরকে বাদ দিয়ে প্রতিস্থাপন করা যেতে পারে। বিধবা, বয়স্ক ভাতার তালিকা প্রত্যেক ইউনিয়নে দিয়ে দেওয়া হবে। | | সকল |
| | ...া ...কস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বর্তমানে পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্য সংখ্যা ১৪,৩৩৪জন। ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা ৯,৭৭৭জন। পল্লী সঞ্চয় ব্যাংকের সামনে আগাত সেবা প্রত্যশিতদের পানি পান করার জন্য সুপেয় পানির ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। আপাতত কোনো সমস্যা নেই মর্মে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য(অধিদপ্তর) সুপেয় পানি পান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক ও উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য (অধিদপ্তর) |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%।পরবর্তীতে নির্মিত আশ্রয়ন প্রকল্পের এ পযন্ত ০৬টি সমিতি নিবন্ধিত হয়েছে। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানগণ সহকারী প্রোগ্রামার |
| ১৮. | চেয়ারম্যান নওপাড়া ইউপি | চেয়ারম্যান নওপাড়া ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। উপজেলা শিক্ষা কর্মকর্তার সোনালী ব্যাংক এর এটিএম বুথ স্থাপনের প্রস্থাবকে সর্মথন করে বলেন যে, উপজেলা পরিষদের ভিতরে একটি এটিএম বুথ থাকলে সরকারি-বেসরকারি সকল কর্মকর্তা কর্মচারীদের জন্য সুবিধা হবে। | উপজেলা পরিষদের গেইট সংলগ্ন সোনালী ব্যাংক এর এটিএম বুথ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক সোনালী ব্যাংক কেন্দুয়া শাখা |
| | প্রশাসক মাস্কা ইউপি | প্রশাসক মাস্কা ইউপি সভায় জানান যে, বর্তমানে সার্ভার সমস্যার জন্য জন্ম-নিবন্ধন কাযক্রমে ব্যাঘাত হচ্ছে। গন্ডা ও মাস্কা ইউনিয়ন পরিষদ ভবন মেরামত করা প্রয়োজন। | গন্ডা ও মাস্কা ইউনিয়ন পরিষদ ভবন মেরামত করার প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রশাসক মাস্কা ইউপি |
| ১৯. | প্রশাসক গড়াডোবা ইউপি | প্রশাসক গড়াডোবা ইউপি সভায় জানান যে, গড়াডোবা ইউনিয়নে ভরাপাড়া ও রামপুর গ্রামে প্রায় ৩০/৩৫টি পরিবার কাঁচা টয়লেট ব্যবহার করে। তাদের জন্য স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা করার প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রশাসক গড়াডোবা ইউপি |
| বিবিধ -১ | | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. বাসাবাড়ি মেরামত বিল বাবদ ২২,৩৭৫/- চেক নং-৯৮১৩০ মূলে মনিরুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণাকে প্রদান। ০২. ১৬ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে আনুসাঙ্গিক খরচের বিল বাবদ ৪৩,৭৫০/-চেক নং-৯৮১৪৮৩৮মূলে জনাব মো: শাহীন মিয়া, অফিস সহকারী, ইউএনও অফিসকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ৩,৭৫০/- ও ২,৫০০/-টাকা প্রদান করা হয়। ০৩. উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে এলইডি সিলিং লাইট স্থাপনের বিল বাবদ ২১,৪৩৭/-চেক নং-৯৮১৪৮৪১মূলে জনাব মো: শাহীন মিয়া, অফিস সহকারী, ইউএনও অফিসকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৩৮/- ও ১,২২৫/-টাকা প্রদান করা হয়। ০৪. উপজেলা পরিষদ মিলনায়তনে এলইডি সিলিং লাইট স্থাপনের বিল বাবদ ২১,৪৩৭/-চেক নং-৯৮১৪৮৪৪মূলে জনাব মো: আব্দুল আজিজ, সার্টিফিকেট সহকারী, ইউএনও অফিসকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৩৮/- ও ১,২২৫/-টাকা প্রদান করা হয়। ০৫. উপজেলা পরিষদ মিলনায়তনে এলইডি সিলিং লাইট স্থাপনের বিল বাবদ ২১,৪৩৭/-চেক নং-৯৮১৪৮৪৪মূলে জনাব মো: আমান উল্লাহ, | ০১, ০৩, ০৪, ০৫,০৬ ও ০৭নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ী রক্ষনাবেক্ষন ও মেরামত খাত হতে, ব্যয় নির্বাহের এবং ০২নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খরচ খাত হতে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিএ, উপজেলা পরিষদকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৩৮/- ও ১,২২৫/-টাকা প্রদান করা হয়। ০৬. উপজেলা পরিষদ মিলনায়তনে এলইডি সিলিং লাইট স্থাপনের বিল বাবদ ২১,৪৩৭/-চেক নং-৯৮১৪৮৪৪মূলে জনাব মো: মনিরুল ইসলাম, অফিস সহায়ক উপজেলা পরিষদকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৩৮/- ও ১,২২৫/-টাকা প্রদান করা হয়। ০৭. উপজেলা পরিষদ মিলনায়তনে এলইডি সিলিং লাইট স্থাপনের আনুসাঙ্গিক বিল ও মজুরী বাবদ ১৮,৭২৫/-চেক নং-৯৮১৪৮৫০মূলে জনাব মো: মানিক মিয়া, নিরাপত্তা প্রহরী, ইউএনও অফিস কেন্দুয়াকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৬০৫/- ও ১,০৭০/-টাকা প্রদান করা হয়। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪- ১১৬১ তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

৩০/১২/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪- ১১৬১ তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
২। প্রশাসক/চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৩। অফিস কপি।

৩০/১২/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা